দৈনিক ইত্তেফাক

APR 0 4 2001

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... 8 ...

# সূর্যসেন হলে রাতভর ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ ॥ ৩ দফা তল্লাশী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ গত সোমবার রাতভর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলে ছাত্রলীগের দুই গ্রুপের ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের মধ্যে পুলিশ ৩ দফা হলটিতে তল্লাশী চালাইয়া ১৩ জন বহিরাগত ছাত্রকে আটক করে। সংঘর্ষকালে হলের ৫টি কক্ষ ভাংচুর এবং মামুন নামে দ্বিতীয় বর্ষের একজন ছাত্র আহত হয়। রাত সাড়ে ১০টা হইতে পুলিশের সম্মুখে প্রকাশ্যে চাপাতি হাতে দুই গ্রুপের কর্মীরা ধাওয়া-পাল্টা ধাওয়া করিলেও পুলিশ ছিল নির্বিকার।

৩ দফা তল্লাশীকালে পুলিশ অস্ত্র উদ্ধার করিতে পারে নাই। আটককৃতদের পরে ছাড়িয়া দেওয়া হয়।

জানা যায়, হলের নির্মাণ কাজের টেন্ডারের বখরা লইয়া দীর্ঘদিন ধরিয়াই হল শাখা ছাত্রলীগ সভাপতি মনির হোসেন গ্রুপ এবং জুনিয়র নেতাদের একটি বিদ্রোহী গ্রুপের *(১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)*

## সূর্যসেন হলে রাতভর

(শেষ পৃঃ পর)

দ্বন্দ্ব চলিতেছিল। এই সূত্র ধরিয়া রবিবার বিদ্রোহী গ্রুপের কর্মীদের হাতে বাশার নামে হলের এক ছাত্র জখম হয়। হলে সংঘর্ষ চলাকালে রাত সাড়ে ৩টায় সহকারী প্রক্টর অধ্যাপক খলিলুর রহমান পুলিশ সহযোগে হলটিতে প্রবেশ করিয়া তৃতীয় দফায় ধর-পাকড় ও তল্লাশী শুরু করেন। জানা গিয়াছে, গত রমজান মাসে এই হলে নির্মাণ কাজের টেন্ডারের বখরা লইয়া সভাপতি মনিরের সহিত একটি অংশের দ্বন্দ্বের সূত্রপাত ঘটে। বিদ্রোহী গ্রুপের ইন্ধন যোগাইতেছে ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক সম্পাদক ও এই হলের ছাত্র দেলোয়ার। বর্তমানে দুই গ্রুপই হলে অবস্থান করিতেছে।